



খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি  
ঠিকরাবন্দ, খুলনা

দুরালাপনী  
অফিস/বাসা : ০৪১-৭২১৯৯১  
অভিযোগকেন্দ্র : ০৪১-৮১০৮৯০(১০১-১১৬)  
ফ্যাক্স : +৮৮০৪১-৭২১৯৯১  
ই-মেইল : khulnapbs@yahoo.com

স্মারক নং-২৭.১২.৪৭১২.৫৩৩.০১.০১১.২০. ৫৫৫৫

তারিখঃ- ১১ চৈত্র /১৪২৬বঙ্গাব্দঃ  
২৫ মার্চ /২০২০খ্রিঃ

**বিষয়:- আন্তঃ পবিস পুনঃনিয়োগ (৯ম বার) বিজ্ঞপ্তিঃ**

খুলনা পল্লী বিদ্যুৎ সমিতির নিম্নবর্ণিত শূন্য পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের নিমিত্তে পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী পদোন্নতির জন্য যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন ওয়্যারিং পরিদর্শক পদে কর্মরত প্রার্থীদের নিকট হইতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাইতেছে।


**পদের নাম:- পাওয়ার ইউজ কো-অর্ডিনেটর/সদস্য সেবা কো- অর্ডিনেটর।**

আগ্রহী প্রার্থীগণকে সংশ্লিষ্ট পবিসের সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজারের সুপারিশ সহ স্ব-হস্তে লিখিত পূর্ণ জীবন বৃত্তান্ত সম্বলিত আবেদন পত্র, সদ্য তোলা ০২ (দুই)কপি পাসপোর্ট সাইজের ছবি, সর্বশেষ ০৩(তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়ন প্রতিবেদনের সত্যায়িত ফটোকপি, বাপবিবোর্ড কর্তৃক আয়োজিত নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণে / বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণের ফটোকপি সংযোজন করিতে হইবে। ইহা ছাড়াও পবিস নির্দেশিকা ৩০০-১৪ অনুযায়ী পাওয়ার ইউজ কো-অর্ডিনেটর/সদস্য সেবা কো-অর্ডিনেটর পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে ওয়্যারিং পরিদর্শক হিসাবে ন্যূনতম ১০ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে অথবা ইলেকট্রিক্যাল/পাওয়ার ইঞ্জিনিয়ারিং-এ ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে ওয়্যারিং পরিদর্শক হিসাবে ০৫ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। ওয়্যারিং পরিদর্শক পদে যোগদান ও নিয়মিত করণ সংক্রান্ত পত্রের ফটোকপি (যাহা সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার / এজিএম (প্রশাসন/মানব সম্পদ) কর্তৃক সত্যায়িত হইতে হইবে) ; বিনা আপত্তির সনদপত্র এবং বিগত ০৫ বৎসরের শাস্তির বিবরণ (যদি থাকে), যদি না থাকে তাহা হইলে সুস্পষ্টভাবে তাহা উল্লেখ পূর্বক জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়ন পত্র ও আবেদনপত্রসহ আগামী ০৭/০৪/২০২০ খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার সকাল ১১:০০ ঘটিকার সময় স্ব-শরীরে অত্র সমিতির সদর দপ্তরে উপস্থিত থাকিয়া নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহনের জন্য অনুরোধ করা হইল।

**শর্তাবলী:-**

- ০১। বর্ণিত পদের জন্য প্রার্থীকে পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী পদোন্নতির জন্য যোগ্যতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে।
- ০২। পদোন্নতির ক্ষেত্রে পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী যোগ্যতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে।
- ০৩। পদোন্নতির ক্ষেত্রে অত্র পবিস চাকুরী বিধি ১৯৯২ ( সংশোধিত-২০১২) ও পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ প্রতিপালন করিতে হইবে।
- ০৪। পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নহে। তবে খুলনা পল্লী বিদ্যুৎ সমিতির ভৌগলিক এলাকায় স্থায়ী ভাবে বসবাসকারী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নাই।
- ০৫। পবিসে কর্মরত কোন কর্মকর্তা/ কর্মচারী / বোর্ড পরিচালক/ মহিলা পরিচালকগণের স্বামী/স্ত্রী অথবা উভয়ের রক্তের সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নাই।
- ০৬। ইতোপূর্বে অন্য কোন পবিসের চাকুরী হইতে অপসারিত / বরখাস্ত/ স্বেচ্ছায়/ পদত্যাগকারীদের আবেদন করার প্রয়োজন নাই।
- ০৭। পবিস চাকুরী বিধি, পবিস নির্দেশিকা, বাপবিবোর্ড/ পবিস কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সার্কুলার অনুযায়ী বেতন ও ভাতাদি প্রদান করা হইবে।
- ০৮। কোন প্রার্থী তথ্য গোপন করিয়া নিয়োগ প্রাপ্ত হইলে এবং তদন্ত পূর্বক তাহা প্রমানিত হইলে তাহাকে চাকুরীচ্যুত করা হইবে। প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে।


- ০৯। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে বাপবিবো/ অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।
- ১০। সর্বশেষ ০৩ (তিন)বৎসরের কর্মমূল্যায়নের গড় রেটিং ৩.৫০ হইতে হইবে।
- ১১। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না।

  
25.03.2

(প্রকৌঃ মোঃ আলতাফ হোসেন)  
সিনিয়র জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ-** (সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য বিজ্ঞপ্তিটি আপনার নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ)

- ০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
- ০২। পরিচালক, পবিস মানব সম্পদ ব্যবস্থাপনা/পবিস মনিটরিং ও ব্যঃ পঃ(পঃঅঃ)পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইসিটি পরিদপ্তর), বাপবিবো, ঢাকা।
- ০৪। জেলা প্রশাসক/পুলিশ সুপার, খুলনা।
- ০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....পবিস-১/২/৩/৪।
- ০৬। একান্ত সচিব, মাননীয় চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
- ০৭। ডিজিএম-পাইকগাছা/ সেনেরবাজার/ডুমুরিয়া জোনাল অফিস/(সদর-কারিগরী), খুলনা পবিস।
- ০৮। এজিএম(ওএন্ডএম), কয়রা / দাকোপ সাব- জোনাল অফিস, খুলনা পবিস।
- ০৯। এজিএম(অর্থ/ওএন্ডএম/এমএস/ইএন্ডসি), খুলনা পবিস।
- ১০। সহঃ জুনিয়র ইঞ্জিনিয়ার(আইটি), খুলনা পবিস (অত্র পবিসের ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনাসহ)
- ১১। নোটিশ বোর্ড, খুলনা পবিস।
- ১২। অফিস/মাস্টার কপি।

  
25.03.2

সিনিয়র জেনারেল ম্যানেজার  
খুলনা পবিস।

